

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৫১

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

### আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: أَتَانَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَائِرًا فَرَأَى رَجُلًا شَعِثًا قد تفرق شعرُه فَقَالَ: «مَا كَانَ يَجِدُ هَذَا مَا يُسَكِّنُ بِهِ رَأْسَهُ؟» وَرَأَى رجلا عَلَيْهِ ثيابٌ وسِخةٌ فَقَالَ: «مَا كَانَ يَجِدُ هَذَا مَا يَغْسِلُ بِهِ ثَوْبَهُ؟» . رَوَاهُ أَحْمد وَالنَّسَائِيِّ

#### বাংলা

৪৩৫১-[৪৮] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে বেড়াতে এসে এলোমেলো বিশিষ্ট এক লোককে দেখতে পেলেন তার মাথার চুলগুলো ছিল বিক্ষিপ্ত। তখন তিনি বললেনঃ এ লোকটি কি এমন কোন জিনিসই পায় না যা দ্বারা সে নিজের মাথার চুলগুলো পরিপাটি করে নিতে পারে? আরেক ব্যক্তিকে দেখলেন, তার পরনে রয়েছে ময়লা জামা। তার সম্পর্কে বললেনঃ এ লোকটি কি এমন কিছ পায় না, যা দ্বারা সে নিজের কাপড় ধ্য়ে নিতে পারে? (আহমাদ ও নাসায়ী)[1]

## ফুটনোট

[1] সহীহ : তাষ্ক্রীক মুসনাদে আহমাদ ১৪৮৯৩, নাসায়ী ৫২৩৬, সহীহ ইবনু হিব্বান ৫৪৮৩, শু'আবুল ঈমান ৬২২৪, সিলসিলাতুস্ সহীহাহ ৪৯৩, আবু দাউদ ৪০৬২, শারহুস্ সুন্নাহ্ ৩১১৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীসে কাপড় ধোয়ার উপাদান হিসেবে সাবান, পটাশ বা শুধু পানির প্রতি ইঙ্গিত করা হয়েছে। এ হাদীস দ্বারা প্রমাণিত হয় যে, মাথার চুল ধুয়ে পরিষ্কার করা এবং তেল দিয়ে মাথা আঁচড়ানো ইত্যাদি মুস্তাহাব। এ হাদীস দ্বারা আরো প্রমাণিত হয় যে, শরীর ও কাপড়ের উপর লেগে থাকা প্রকাশ্য ময়লা থেকে পরিষ্কার করা কর্তব্য। ইমাম শাফি'ঈ (রহিমাহুল্লাহ) বলেন, যার পোশাক পরিষ্কার থাকে তার দুশ্চিন্তা কম হয়। এ হাদীসে পোশাক ধোয়ার আদেশ রয়েছে। যদিও তা শুধু পানি দ্বারা হোক না কেন। একই কথা বলেছেন 'আল্লামা আল



'আযীযী তাঁর ''আস্ সিরাজ আল্ মুনীর'' গ্রন্থে। ('আওনুল মা'বূদ ৭ম খন্ড, হাঃ ৪০৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন